



বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের একটি জাতীয় গবেষণা প্রতিষ্ঠান। বাংলাদেশের উন্নয়নের ধারা অব্যাহত রাখার লক্ষ্যে এ প্রতিষ্ঠানের বিজ্ঞানীরা নিরলসভাবে তাঁদের গবেষণা চালিয়ে যাচ্ছেন। এ গবেষণার গতি আরো বেগবান করার লক্ষ্যে বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম ও হাইড্রোজেন এনার্জি ল্যাব স্থাপন-প্রকল্প এর যৌথ উদ্যোগে বিভিন্ন পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয় এর একাডেমিক মেম্বারদের উপস্থিতিতে গত ১০/০৭/২০১৯ ইং তারিখ Workshop on strengthening of research collaboration between BCSIR & other institutions of Bangladesh শীর্ষক এক গুরুত্বপূর্ণ কর্মশালা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর) এর মাননীয় সদস্য (বিজ্ঞান ও প্রযুক্তি) জনাব বিজয় ভূষণ পাল, যুগ্ম সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. মোহাম্মদ মোস্তফা, পরিচালক (ভারপ্রাপ্ত), বিসিএসআইআর গবেষণাগার, চট্টগ্রাম। অনুষ্ঠানে Workshop organizing committee এর সদস্য সচিব ও প্রকল্প পরিচালক, হাইড্রোজেন এনার্জি ল্যাব স্থাপন প্রকল্প, ড. মোঃ আবদুস সালাম এবং চট্টগ্রামের বিভিন্ন পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের প্রায় ৫০ জন একাডেমিক সদস্য উপস্থিত ছিলেন। কর্মশালায় উপস্থিত পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের সকল একাডেমিক মেম্বাররা বিসিএসআইআর এর বিজ্ঞানীদের সাথে সম্মিলিতভাবে গবেষণা করার বিষয়ে একমত পোষণ করেন।